জন্ম নিবন্ধন-সবার প্রয়োজন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্প
কেন্দ্রীয় পরিবহণ পুল ভবন (কক্ষ নং ৯০৮-৯০৯)
সচিবালয় লিঙ্ক রোড, ঢাকা-১০০০
ওয়েব সাইট: br.lgd.gov.bd
ইমেইল: onlinebris@lgd.gov.bd

"জন্ম-মৃত্যু নিবন্ধনে থাকলে সচেতন সহজ হবে সেবা গ্রহণ এবং উন্নয়ন"

স্মারক নং: স্থাসবি/জমৃনিপ্র/প্রপকা/বিআরআইএস-১১ /২০১৪-৮২

তারিখ: ৮-১১-১৪২০ / ২০-২-২০১৪

বিষয়: **পুরাতন জন্ম নিবন্ধন সনদ অনলাইনভুক্তি ও সনদ প্রদানের ক্ষেত্রে ফি গ্রহণ না করা প্রসঙ্গে।**

অবহিত করা যাচ্ছে যে, দেশে অনলাইন জন্ম নিবন্ধন চালুর পূর্বে সারা দেশে বিপুল সংখ্যক জন্ম নিবন্ধন হাতে লিখে বা কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং সম্পাদন করা হয়েছিল। এ সকল জন্ম নিবন্ধন তথ্য অনলাইন অন্তর্ভুক্তির কার্যক্রম চলছে। পুরাতন জন্ম নিবন্ধন সনদধারী কোন ব্যক্তির জন্ম তথ্য অনলাইনভুক্ত করা হলে জন্ম নিবন্ধন সনদ প্রদানের জন্য উক্ত ব্যক্তির নিকট হতে ফি গ্রহণ করা হবে কিনা এই ব্যাপারে বিভিন্ন স্থানে ভিন্ন ভিন্ন অভিমত পরিলক্ষিত হয়েছে। বিষয়টি সকলক্ষেত্রে একইরূপ হওয়া বাঞ্ছনীয় বলে নিম্নরূপ ব্যাখ্যা প্রদান করা হলো।

পদ্ধতিগত কারণে হাতে লিখা জন্ম নিবন্ধন সনদের স্থলে অনলাইন জন্ম নিবন্ধন চালু হওয়ায় যারা পূর্বে জন্ম নিবন্ধন করেছেন তাদের উপর মাশুল আরোপ যুক্তিযুক্ত নয়। পুরাতন হাতে লিখা বা কম্পিউটারে ভিন্নভাবে সম্পাদিত জন্ম নিবন্ধন তথ্যসমূহ অনলাইনে অন্তর্ভুক্ত করে প্রথম বার সনদ প্রদানের ক্ষেত্রে ব্যক্তির নিকট হতে কোনরূপ ফি গ্রহণ করা যাবে না।

২০/২/২০১৪

(আ.ক.ম.সাইফুল ইসলাম চৌধুরী)
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ৯৫৫৬৬০৬
ফ্যাক্স: ৯৫৫২৩৮১
০১৭১৬ ২০৬৫৫৭
ইমেইল: saislach@yahoo.com

কার্যার্থে:
সকল জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়।

জ্ঞাতার্থে:
সচিব,
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

জন্ম নিবন্ধন-সবার প্রয়োজন

"জন্ম-মৃত্যু নিবন্ধনে থাকলে সচেতন
সহজ হবে সেবা গ্রহণ এবং উন্নয়ন"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্প
কেন্দ্রীয় পরিবহণ পুল ভবন (কক্ষ নং ৯০৮-৯০৯)
সচিবালয় লিঙ্ক রোড, ঢাকা-১০০০
ওয়েব সাইট: br.lgd.gov.bd
ইমেইল: onlinebris@lgd.gov.bd

নং: স্থাসবি/ জমৃনিপ্র/ প্রপকা/বিআরআইএস-১১/২০১৪-৮৩

তারিখ: ১১-১১-১৪২০ / ২৩-২-২০১৪

বিষয়: **জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ অনুযায়ী ফি গ্রহণ প্রসঙ্গে।**

অবহিত করা যাচ্ছে যে, জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ (২০০৪ সনের ২৯ নং আইন) এর ধারা ১৩ এর আলোকে জন্ম ও মৃত্যু নিবন্ধন (ইউনিয়ন পরিষদ) বিধিমালা, ২০০৬, জন্ম ও মৃত্যু নিবন্ধন (পৌরসভা) বিধিমালা, ২০০৬, জন্ম ও মৃত্যু নিবন্ধন (সিটি কর্পোরেশন) বিধিমালা, ২০০৬, এবং জন্ম ও মৃত্যু নিবন্ধন (ক্যান্টনমেন্ট বোর্ড) বিধিমালা, ২০০৬ সমূহের বিধি ২০-এ জন্ম বা মৃত্যুর দুই বৎসরের মধ্যে নিবন্ধন না করলে বিলম্বিত ফিসের বিধান রয়েছে।

ক্রমিক	ক্ষেত্র	ইউনিয়ন পরিষদ ও পৌরসভা	সিটি কর্পোরেশন ও ক্যান্টনমেন্ট বোর্ড
১।	জন্মের তারিখ হইতে দুই বৎসরের মধ্যে কোন ব্যক্তির জন্ম নিবন্ধন	শূন্য	শূন্য
২।	মৃত্যুর তারিখ হইতে দুই বৎসরের মধ্যে কোন ব্যক্তির মৃত্যু নিবন্ধন	শূন্য	শূন্য
৩।	জন্ম বা মৃত্যুর তারিখ হইতে দুই বৎসর পর কোন ব্যক্তির জন্ম বা মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রে প্রতি বৎসরের জন্য	৫.০০ টাকা হারে	১০.০০ টাকা হারে
৪।	জন্ম বা মৃত্যু সনদের মূল বাংলা বা ইংরেজী কপি সরবরাহ	শূন্য	শূন্য
৫।	জন্ম বা মৃত্যু সনদের বাংলা বা ইংরেজী দ্বি-নকল কপি সরবরাহ	২৫.০০ টাকা	২৫.০০ টাকা
৬।	সরবরাহকৃত তথ্যের ভিত্তিতে প্রদত্ত নিবন্ধন সনদে কোন ভুল বা গরমিল পরিলক্ষিত হইলে নিবন্ধন সনদ এবং, ক্ষেত্রমত, নিবন্ধন বহি সংশোধন	১০.০০ টাকা	১০.০০ টাকা

জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন ২০০৪ অনুসারে ২০০৮ সনের ২ জুলাই পর্যন্ত সকল প্রকার জন্ম ও মৃত্যু নিবন্ধন ফিস আদায় রহিত ছিল। ৩ জুলাই ২০০৮ হতে ফিস কার্যকর হওয়ার কথা থাকলেও প্রথম পর্যায়ে ২০০৮ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত এবং ২য় পর্যায়ে ১৬ এপ্রিল ২০০৯ তারিখের এসআরও নং ৬১, ৬২, ৬৩ ও ৬৪ মূলে, ৩য় পর্যায়ে ২১ ডিসেম্বর ২০১০ তারিখের এসআরও নং ৩৯৬, ৩৯৭, ৩৯৮ ও ৩৯৯ মূলে ২০১১ সালের ৩০ জুন, ২০ আগস্ট ২০১১ এর এসআরও নং ২৬৮, ২৬৯, ২৭০ ও ২৭১ মূলে ২০১২ সালের ৩০ জুন এবং ২৫ জুলাই ২০১২ তারিখের এসআরও নং-২৬৯, ২৭০, ২৭১ ও ২৭২ মূলে ২০১৩ সালের ৩০ জুন পর্যন্ত অনুর্ধ্ব ১৮ বছর বয়সের ব্যক্তিদের জন্ম নিবন্ধন বিনা ফিসে, তদুর্ধ্বদের জন্ম নিবন্ধন ৫০.০০ ফিসে ও যে কোন মৃত্যু বিনা ফিসে নিবন্ধনের জন্য বিধিমালা ছিল।

এখনো পরিলক্ষিত হচ্ছে যে, কিছু কিছু জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়ে নির্দিষ্ট হারে ফিস গ্রহণ না করে পূর্বের বিধান অনুযায়ী ১৮ বছর বয়সের ব্যক্তিদের জন্ম নিবন্ধন বিনা ফিসে, তদুর্ধ্বদের জন্ম নিবন্ধন ৫০.০০ ফিসে ও যে কোন মৃত্যু বিনা ফিসে গ্রহণ করা হচ্ছে কিন্তু উক্ত আইনের কার্যকারিতা ৩০ জুন ২০১৩ তারিখে শেষ হয়। বর্তমানে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ অনুযায়ী সারা দেশে উল্লেখিত ছক মোতাবেক ফি গ্রহণ করা হচ্ছে।

এমতাবস্থায়, সকল উপজেলা নির্বাহী অফিসারকে অধীনস্থ ইউনিয়ন পরিষদ ও পৌরসভার জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যলয়কে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ (২০০৪ সনের ২৯ নং আইন) এর ধারা ১৩ এর আলোকে জন্ম ও মৃত্যু নিবন্ধন (ইউনিয়ন পরিষদ) বিধিমালা, ২০০৬, জন্ম ও মৃত্যু নিবন্ধন (পৌরসভা) বিধিমালা, ২০০৬ অনুযায়ী উল্লেখিত হারে ফি গ্রহণের নির্দেশ প্রদানে বিশেষভাবে অনুরোধ করা হলো। বিধিমালাসমূহের ২কপি পাওয়ার জন্য br.lgd.gov.bd ওয়েবসাইটটি ভিজিট করতে অনুরোধ করা হলো।

(আ.ক.ম.সাইফুল ইসলাম চৌধুরী)
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ৯৫৫৬৬০৬
ফ্যাক্স: ৯৫৫২৩৮১
০১৭১৬ ২০৬৫৫৭
ইমেইল: saislach@yahoo.com

কার্যার্থে:
১। জেলা প্রশাসক (সকল)।
২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

জ্ঞাতার্থে:
১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার (সকল)।

\\Mafizul-Islam-P\D\MILON\Application.Doc